

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭১.০০১.২০-৩৭৯


তারিখ: ২৮ কার্তিক ১৪২৯  
১৩ নভেম্বর ২০২২

বিষয়: ঢাকা মহানগরীর মিরপুর এলাকাধীন বিসিআইসি কলেজ -এ উচ্চমাধ্যমিক পর্যায়ে 'ফিন্যান্স এন্ড ব্যাংকিং' বিষয় খোলার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে ঢাকা জেলার মিরপুর উপজেলাধীন বিসিআইসি কলেজ -এ উচ্চমাধ্যমিক পর্যায়ে 'ফিন্যান্স এন্ড ব্যাংকিং' বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ৮) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

  
১৩.১১.২২  
মোসা: রোকেয়া পারভীন  
উপসচিব  
বেসরকারি কলেজ-৬  
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) যুগ্মসচিব (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৭) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮) অধ্যক্ষ, বিসিআইসি কলেজ, মিরপুর, ঢাকা
- ৯) অতিরিক্ত সচিব (কলেজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়